

সংবাদ

তারিখ ... ..

পৃষ্ঠা ২ কলাম ২

## ঢাকা কলেজ হল থেকে তিন ছাত্রদল ক্যাডার অস্ত্রসহ গ্রেফতার

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা কলেজের আন্তর্জাতিক ছাত্রাবাস থেকে তিন ছাত্রদল ক্যাডার গুলিভর্তি পিস্তলসহ গ্রেফতার হয়েছে। সিআইডি পুলিশ মতিঝিলের একটি বার তদ্বাশি করে বিপুল পরিমাণ (১১-পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

### (১২-এর পাতার পর) ঢাকা কলেজ হল

বিদেশী মদ ও বিয়ার উদ্ধার করেছে। বুধবার রাত ২টায় উপপুলিশ কমিশনার দক্ষিণের নেতৃত্বে একটি দল ঢাকা কলেজের আন্তর্জাতিক ছাত্রাবাসের ২১২ নম্বর কক্ষে তদ্বাশি চালায়। এ সময় ছাত্রদল ক্যাডার কামকজ্জামান মিস্ট্র (২৪), নাছির উদ্দিন (২২) ও মনির হোসেনকে পুলিশ গ্রেফতার করে। পুলিশ তাদের কাছ থেকে পাঁচ রাউন্ড গুলিভর্তি একটি বিদেশী পিস্তল উদ্ধার করেছে। আসামীদের বিরুদ্ধে ধানমন্ডি থানায় মামলা হয়েছে। পৃথক ঘটনায় সিআইডি পুলিশের সিনিয়র সহকারী পুলিশ সুপার মুহাম্মদ মুসলিমের নেতৃত্বে একটি দল মতিঝিলের ডিম্পল বার তদ্বাশি করে বিপুল পরিমাণ বিদেশী মদ ও বিয়ার উদ্ধার করেছে। বুধবার রাতে এই অভিযান চালানো হয়। পুলিশ এ ঘটনায় চার ব্যক্তিকে গ্রেফতার করেছে। মতিঝিল থানায় মামলা হয়েছে।